দৈনিক সংবাদ

তারিখ 15 DEC 1989
পৃষ্ঠা ১ কলাম ২

চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়

# শিবিরের হামলায় ২ জন ছাত্রনেতা গুরুতর আহত

(নিজস্ব বার্তা পরিবেশক)

চট্টগ্রাম, ১৪ই ডিসেম্বর।- ইসলামী ছাত্র শিবিরের হামলায় আজ চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ের ২ জন ছাত্রনেতা গুরুতর আহত

(৭-এর পাতায় দেখুন)

## শিবিরের হামলা

(১ম পাতার পর)

হয়েছেন।

ছাত্র সংগ্রাম পরিষদ সূত্রে জানা গেছে, আজ শহীদ বুদ্ধিজীবী দিবসের কর্মসূচী শেষে ফেরার পথে বিকেল ৩টায় শিবিরের সশস্ত্র কর্মীরা ছাত্রলীগ (হা-অ) বিশ্ববিদ্যালয় শাখার সভাপতি হাসান মাহমুদ এবং ছাত্র ইউনিয়নের সাধারণ সম্পাদক নাজমুল করিম দুলালের ওপর হামলা চালায়। তারা জোর করে হাসানকে মোটর সাইকেলে করে অপহরণ করে আলাওল দীঘির পাড়ে নিয়ে বেদম প্রহার করে এবং ছুরি দিয়ে জবাই করার চেষ্টার সময় গ্রামবাসীরা তাকে উদ্ধার করে।

একই সময় শিবিরের ৭/৮ জন সশস্ত্র কর্মী কলাভবনের সামনে দুলালকে গুরুতরভাবে প্রহার করে। বিশ্ববিদ্যালয় ছাত্র সংগ্রাম পরিষদ শিবিরের নেতা রেজাউল করিমের নেতৃত্বে এই সশস্ত্র হামলার প্রতিবাদ জানিয়ে আগামী ১৮ই ডিসেম্বরের মধ্যে ঘটনার বিচার দাবী করেছে।